uploaded
22

RT

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
লিয়াজোঁ ও শ্রোতা গবেষণা অনুবিভাগ
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।
www.betar.gov.bd

নং-১৫.৫৩.০০০০.০০৭.১৬.১৫৬.১৯. ০৬ তারিখ: ১৫/৯/২২

বিষয়: ২০২১-২২ অর্থবছরে বাংলাদেশ বেতারের বিভিন্ন কেন্দ্র/ইউনিট থেকে প্রচারিত প্রধান প্রধান অনুষ্ঠান ও সংবাদের শ্রোতা-প্রিয়তা প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ালোকে, ২০২১-২২ অর্থবছরে বাংলাদেশ বেতারের বিভিন্ন কেন্দ্র/ইউনিট থেকে প্রচারিত প্রধান প্রধান অনুষ্ঠান ও সংবাদের শ্রাতা-প্রিয়তা প্রতিবেদন সদয় অবগতিকল্পে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: যথাবর্ণিত

১৫/৯/২২

মোঃ আরিফুল ইসলাম
পরিচালক
লিয়াজোঁ ও শ্রোতা গবেষণা অনুবিভাগ
টেলিফোন: ৪৪৮১৩০৭৬
email: director.liaison@yahoo.com

নং-১৫.৫৩.০০০০.০০৭.১৬.১৫৬.১৯. ০৬ তারিখ: ১৫/৯/২২

বিতরণ:

১। অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান/বার্তা)/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২। পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা/ চট্টগ্রাম/ শিক্ষা/ সংগীত/কৃষি বিষয়ক কার্যক্রম/জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল/বাণিজ্যিক কার্যক্রম/ট্রান্সক্রিপশন সার্ভিস/বহির্বিশ্ব কার্যক্রম/ট্রাফিক সম্প্রচার কার্যক্রম/কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, ঢাকা।
৩। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী/ সিলেট/ রংপুর/ খুলনা/ বরিশাল/ ঠাকুরগাঁও/ রাঙ্গামাটি/কুমিল্লা/বান্দরবান/ কক্সবাজার/ ময়মনসিংহ/গোপালগঞ্জ।
৫। আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/রাজশাহী/ সিলেট/ রংপুর/ খুলনা/কুমিল্লা।
৬। উপ-বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, বরিশাল/ঠাকুরগাঁও/ কক্সবাজার/বান্দরবান/রাঙ্গামাটি/ময়মনসিংহ/গোপালগঞ্জ।
৭। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। নথি।

২০২১-২২ অর্থবছরে বাংলাদেশ বেতারের প্রধান প্রধান অনুষ্ঠান ও সংবাদের শ্রোতা-প্রিয়তা প্রতিবেদন

লিয়াজোঁ ও শ্রোতা গবেষণা অনুবিভাগ
বাংলাদেশ বেতার

বাংলাদেশ বেতার একটি রাষ্ট্রীয় বেতার সংস্থা। বাংলাদেশ বেতারের প্রথম সম্প্রচার শুরু হয় ১৯৩৯ সালের ১৬ ই ডিসেম্বর। প্রতিষ্ঠার পর থেকে সাধারণ মানুষের অধিকার আদায়ের আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার পাশাপাশি ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে 'স্বাধীন বাংলা বেতার কেন্দ্র'-এর ভূমিকা বাংলাদেশের ইতিহাসে লেখা রয়েছে স্বার্ণাক্ষরে। বাংলাদেশ বেতার ১৪ টি কেন্দ্র ও ৬টি বিশেষায়িত ইউনিটের মাধ্যমে বিভিন্ন ধরণের অনুষ্ঠান প্রচার করে থাকে। বাংলাদেশ বেতার তার পরিকল্পিত অনুষ্ঠানের মাধ্যমে জনগণকে উদ্বুদ্ধ ও সচেতন করার পাশাপাশি সরকার ও জনগণের মাঝে সেতুবন্ধন হিসেবে একযোগে কাজ করছে। এছাড়াও প্রবাসী ও বহির্বিশ্বের শ্রোতাদের জন্য বাংলা, ইংরেজি, হিন্দি,আরবি ও নেপালি ভাষায় বাংলাদেশ বেতারের অনুষ্ঠান প্রচারিত হয়ে থাকে। কেন্দ্রীয় বার্তা সংস্থা ও বিভিন্ন আঞ্চলিক বার্তা সংস্থা দেশ ও সমাজের সামগ্রিক পরিস্থিতি জনগণের কাছে তুলে ধরার পাশাপাশি সরকারে বিভিন্ন কার্যক্রম প্রচার করে।

সকল কেন্দ্র/ইউনিট থেকে প্রাপ্ত শ্রোতাদের ফিডব্যাকের উপর ভিত্তি করে ২০২০-২১ অর্থবছরে বাংলাদেশ বেতারের শ্রোতা-প্রিয়তা প্রতিবেদন লিয়াজোঁ ও শ্রোতা গবেষণা অনুবিভাগ থেকে প্রস্তুত করা হয়েছিলো। তারই ধারাবাহিকতায় ২০২১-২২ অর্থবছরের জনপ্রিয় অনুষ্ঠান ও সংবাদের শ্রোতা-প্রিয়তা প্রতিবেদন তৈরি করা হয়েছে।

প্রাপ্ত তথ্য বিশ্লেষণ:

২০২১-২২ অর্থবছরে বিভিন্ন কেন্দ্রের প্রধান প্রধান অনুষ্ঠানের ফিডব্যাক

কেন্দ্রের নাম	ফিডব্যাকের মাধ্যম								
	চিঠি	ই- মেইল	ফোন(ল্যান্ড /সেল)	এসএমএস	ফেসবুক লাইক	ফেসবুক কমেন্টস	ফেসবুক (ভিউয়ার)	ইউটিউব (ভিউয়ার)	অন্যান্য
বাংলাদেশ বেতার ঢাকা	১১৩৫৯	৩১৪৩৯	৭৬৪৪	৪৪৬৪	০০	১০৪৫৭	০০	০০	০০
বাংলাদেশ বেতার, রাজশাহী	৩৪২৪	১৫১৭৮	৬৬১	৫৯৭৯৮	৬৩৫৮	২৬৩১	৬০২০	০০	০০
বাংলাদেশ বেতার, ঠাকুরগাঁও	৩০২৩	৯০৯৮	৭২১২	২৪৯০২	০০	৬১৭৩২	০০	০০	৭২
বাংলাদেশ বেতার, খুলনা	৫৫৫৩	৩৫৭৯	১২৯৩৭	১৯৭১	২৯১৮৭৯	২৪৭১০৪	০০	০০	০০
বাংলাদেশ বেতার, কুমিল্লা	১২২	২১৭	৪২৪	৩৯২	৪৯২৫	১৭৭৬	৫৬৩৮৪	৩৪	০০
বাংলাদেশ বেতার, চট্টগ্রাম	৩৩৪৬	৭৭০৪	১৮৪২	৮৪৪৮	৫৬৫৫	৭০২	১৪২৭৯	০০	০০
বাংলাদেশ বেতার, কক্সবাজার	১০	০০	২৪৪৫	০০	২০০৪০	১০০৬৫	৮৫৮৫	০০	০০
বাংলাদেশ বেতার, রাঙামাটি	১৪৮	০০	০০	৭২৯	৩৪৭২৫	৩৩০৭	৪৬৫৭১৪	৮৭	৫৫৬৬
বাংলাদেশ বেতার, বরিশাল	৪৬৩	৫০৮৩	৮৫৪	২৯৭৩	৭৯৯৯	৩৯০৯	৯৫৬১৫	৩৯৯	৬৮
বাংলাদেশ বেতার, সিলেট	১২১১	৭১৬	১৬৯৯	৬২৪৪২	৯০২৪৫	২৩৮৬০	৩৭২৫৮৪	০০	১০৩০২
বাংলাদেশ বেতার, রংপুর	২২১৯	৪৭২১	৩৩১১	১৯০০৬	১৪৮২৬৪	৬০৯৫২	৭৩৮৬২৫৩	১৩৮৮২২	০০
বাংলাদেশ বেতার, গোপালগঞ্জ	৬৭২	৫৩৩৬	৩৯৮	১১৩৩	০০	১৫৬৭	৫৩৬৪৮	০০	৪৫
বাংলাদেশ বেতার, বান্দরবান	৪২২	০৩	৪২৯	১৭২১	০০	১১৪৬	১৩৫৯৪	০০	৪৯
বাংলাদেশ বেতার, ময়মনসিংহ	৩২	৮২৫	০৬	৫২	৭৩৩৭	১২৯৯	১৬৩০১৪	০০	০০
প্রাপ্ত মোট ফিডব্যাক	৩২০০৪	৮৩৮৯৯	৩৯৮৬২	১৮৮০৩১	৬১৭৪২৭	৪৩০৫০৭	৮৬৩৫৬৯০	১৩৯৩৪২	১৬১০২

২০২১-২২ অর্থবছরে বিভিন্ন ইউনিটের প্রধান প্রধান অনুষ্ঠানের ফিডব্যাক

ইউনিটের নাম	ফিডব্যাকের মাধ্যম								
	চিঠি	ই- মেইল	ফোন(ল্যান্ড /সেল)	এসএমএস	ফেসবুক লাইক	ফেসবুক কমেন্টস	ফেসবুক (ভিউয়ার)	ইউটিউব (ভিউয়ার)	অন্যান্য
কৃষি বিষয়ক কার্যক্রম	৫৩৭৪	৮২৮৫	৩১৪	০০	০০	৭৪৮৭৯	০০	০০	০০
জনসংখ্যা স্বাস্থ্য ও পুষ্টি সেল	৭৬২৯	১৭১০২	৩৯৩	০০	১২১৯৭৮	১৫১২৫১	১৮৪৩০৮৫	৪৮১২৬৯	৫৮৮৬০
বাণিজ্যিক কর্যক্রম	২৪১৪৯	৪২১০৪	০০	০০	০০	৫৪৩৭০	০০	০০	০০
ট্রাফিক সম্প্রচার কর্যক্রম	০৯	৫৭৩	০০	২৮৫৯	১৫৩৩৫	১৯৬৮৩	১১৫৮৩০১	০০	১৬৩৮
বহির্বিশ্ব কার্যক্রম	০০	১২৯	০০	০০	০০	০০	০০	০০	০০
ট্রান্সক্রিপশন সার্ভিস	৩০০	০০	৮৯	৪০৪	৬০১২	১৫৮৮৪	৪৩২৬৭০	০০	০০
প্রাপ্ত মোট ফিডব্যাক	৩৭৪৬১	৬৮১৯৩	৭৯৬	৩২৬৩	১৪৩৩২৫	৩১৬০৬৭	৩৪৩৪০৫৬	৪৮১২৬৯	৬০৪৯৮

২০২১-২২ অর্থবছরে বিভিন্ন ইউনিটের প্রধান প্রধান সংবাদের ফিডব্যাক

কেন্দ্র/ ইউনিটের নাম	ফিডব্যাকের মাধ্যম									
	চিঠি	ই- মেইল	ফোন: ল্যান্ড/সেল	এসএম এস	ফেসবুক লাইক	ফেসবুক কমেন্টস	ফেসবুক ভিউয়ার	ইউটিউব ভিউয়ার	অন্যান্য	মন্তব্য
কেন্দ্রীয় বার্তা সংস্থা	০০	২০	০০	০০	১২৩৬৯	১৭১৮	১০৩৮৯৭	৯১৭৮	০০	
বাংলাদেশ বেতার, রাজশাহী	১৫	০৯	১০	১২	৩৪	৩৬	০০	০০	০০	
বাংলাদেশ বেতার, ঠাকুরগাঁও	০০	০০	০০	০০	১২৯	৩২	০০	৫২৮		
বাংলাদেশ বেতার, খুলনা	৫৫৫৩	৩৫৭৯	১২৯৩৭	১৯৭১	২৯১৮৭৯	২৪৭১০৪	৫৭৩৭	০০	২১১	
বাংলাদেশ বেতার, কুমিল্লা	০০	০০	০০	০০	১৮৪১	১৬৭	৫১৩৬	০০	০০	
বাংলাদেশ বেতার, চট্টগ্রাম	০০	০০	০০	০০	৪০	০০	০০	০০	০০	
বাংলাদেশ বেতার, কক্সবাজার	০০	৭৩৮	০০	০০	৭৭৪৭	৬৮	৭৬৬২৪	০৮	৩৩২	
বাংলাদেশ বেতার, রাঙামাটি	০০	০০	০০	০০	৩৪২১৬৩	১০৮৫৪	৩৬০৮০৫৪	১৪৫	০০	
বাংলাদেশ বেতার, বরিশাল	০০	০০	০০	০০	১১৫২	৪৮	৫৭২১	০০	৮৯	
বাংলাদেশ বেতার, সিলেট	০০	০০	০০	০০	৫৩০	৫২	০০	০০	০০	
বাংলাদেশ বেতার, রংপুর	০০	০০	০০	০০	৩১৮০	২১৬	৫৫৮৮	০০	০০	
বাংলাদেশ বেতার, বান্দরবান	০০	০০	০০	০০	৪৮০৮	৩১৯	৫৯৪৫৫	০০	০০	
প্রাপ্ত মোট ফিডব্যাক	৫৫৬৮	৪৩৪৬	১২৯৪৭	১৯৮৩	৬৬৫৮৭২	২৬০৬১৪	৩৮৭০২১২	৯৮৫৯	৬৩২	

বিগত অর্থবছরের সাথে সার্বিক তুলনা:

সময়কাল / ফিডব্যাকের ধরণ	২০২১-২২ অর্থবছর	২০২০-২১ অর্থবছর
চিঠি	৭৫,০৩৩	৭৪,৪১৯
ই- মেইল	১,৫৬,৪৩৮	১,৩৪,৪১০
ফোন: ল্যান্ড/সেল	৫৩,৬০৫	২৭,৭৫৩
এসএমএস	১,৯৩,২৭৭	১,৬১,৫৯০
ফেসবুক লাইক	১৪,২৬,৬২৪	১৩,২২,১১০
ফেসবুক কমেন্টস	১০,০৭,১৮৮	৩৮২,৫৭৬
ফেসবুক ভিউয়ার	১,৫৯,৩৯,৯৫৮	-
ইউটিউব ভিউয়ার	৬,৩০,৪৭০	-
অন্যান্য	৭৭,২৩২	-

চিঠি: ভাব প্রকাশের প্রাচীণতম মাধ্যম চিঠি। বর্তমানের ডিজিটাল যুগেও বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চল থেকে বাংলাদেশ বেতারের অনুষ্ঠান সম্পর্কে শ্রোতারা তাদের মনের ভাবনা নিয়মিত চিঠির মাধ্যমে জানাচ্ছে। ২০২১-২২ অর্থবছরে অনুষ্ঠান শাখার কেন্দ্র ও ইউনিটের সমন্বয়ে প্রাপ্ত মোট চিঠির সংখ্যা ৬৯,৪৬৫টি এবং বার্তা শাখায় প্রাপ্ত মোট চিঠি ৫,৫৬৮টি। বিগত অর্থবছরে অনুষ্ঠান শাখায় প্রাপ্ত চিঠির সংখ্যা ছিলো ৭৪,৪১৯টি। এক্ষেত্রে দেখা যায় শ্রোতাদের চিঠি পাঠানোর হার ৬.৬৭% হ্রাস পেয়েছে।

গ্রাফ- ১: বিভিন্ন কেন্দ্রের জনপ্রিয় অনুষ্ঠানের জন্য প্রাপ্ত চিঠির বিবরণ

গ্রাফ-২: অনুষ্ঠানের জন্য প্রাপ্ত চিঠির

ইউনিটগুলোতে জনপ্রিয় বিবরণ

ই-মেইল: তথ্য-প্রযুক্তির যুগে দ্রুত ও তাৎক্ষণিক যোগাযোগের মাধ্যম ই-মেইল। বাংলাদেশ বেতারের শ্রোতাবৃন্দের ই-মেইলের মাধ্যমে প্রতিক্রিয়া জানানোর হার বেড়েছে। ২০২১-২০২২ অর্থবছরে অনুষ্ঠান শাখার প্রাপ্ত মোট ই-মেইল ১,৫২,০৯২টি এবং বার্তা শাখার প্রাপ্ত মোট ই-মেইল ৪,৩৪৬টি। বিগত অর্থবছরে অনুষ্ঠান শাখায় প্রাপ্ত ই-মেইলের সংখ্যা ছিলো ১,৩৪,৪১০টি। অর্থাৎ শ্রোতাদের ইমেইল পাঠানোর হার ১৩.১৬% বৃদ্ধি পেয়েছে।

গ্রাফ-৩: বিভিন্ন কেন্দ্রের জনপ্রিয় অনুষ্ঠানের জন্য প্রাপ্ত ইমেইলের বিবরণ

গ্রাফ-৪: ইউনিটগুলোতে জনপ্রিয় অনুষ্ঠানের জন্য প্রাপ্ত ইমেইলের বিবরণ

গ্রাফ-৫: বিভিন্ন কেন্দ্রের জনপ্রিয় সংবাদের জন্য প্রাপ্ত ইমেইলের বিবরণ

ফোন (ল্যান্ড/সেলফোন): বাংলাদেশ বেতারের প্রায় সকল কেন্দ্র এবং ইউনিট এ ফোন-ইন অনুষ্ঠান প্রচার করা হয়। এছাড়াও শ্রোতারা অনুষ্ঠান সম্পর্কে তাদের প্রতিক্রিয়া জানাতেও ফোন করে থাকেন। ২০২১-২০২২ অর্থবছরে অনুষ্ঠান শাখার প্রাপ্ত মোট ফোন ৪০,৬৫৮ টি এবং বার্তা শাখার প্রাপ্ত মোট ফোন ১২,৯৪৭ টি। বিগত অর্থবছরে অনুষ্ঠান শাখায় প্রাপ্ত ফোনের সংখ্যা ছিলো ২৭,৭৫৩টি। অর্থাৎ, ফোনকলের সংখ্যা ৪৬.৫% বৃদ্ধি পেয়েছে।

গ্রাফ-৬: বিভিন্ন কেন্দ্রের জনপ্রিয় অনুষ্ঠানের জন্য প্রাপ্ত ফোনের বিবরণ



গ্রাফ-৭: ইউনিটগুলোর জনপ্রিয় অনুষ্ঠানের জন্য প্রাপ্ত ফোনের বিবরণ

এস.এম.এস: বাংলাদেশ বেতারে শ্রোতাদের প্রতিক্রিয়া জানানোর আরেকটি জনপ্রিয় মাধ্যম হচ্ছে এস এম এস বা ক্ষুদে বার্তা। ২০২১-২২ অর্থবছরে শ্রোতারা বাংলাদেশ বেতারের অনুষ্ঠান শাখার বিভিন্ন কেন্দ্রে ১,৮৮,০৩১টি এবং বার্তা শাখায় ১,৯৮৩টি এস.এম.এস পাঠায়। এছাড়া, ট্রাফিক সম্প্রচার কার্যক্রম ২,৮৫৯টি এবং ট্রান্সক্রিপশন সার্ভিস ৪০৪টি এস.এম.এস পেয়েছে। বিগত অর্থবছরে অনুষ্ঠান শাখায় প্রাপ্ত এস.এম.এসের সংখ্যা ছিলো ১,৬১,৫৯০টি। এক্ষেত্রে এসএমএস প্রাপ্তির হার ১৬.৩৬% বৃদ্ধি পেয়েছে।

গ্রাফ-৮: বিভিন্ন কেন্দ্রের জনপ্রিয় অনুষ্ঠানের জন্য প্রাপ্ত এসএমএসের বিবরণ

ফেসবুক : বর্তমান সমাজে সর্বাধিক ব্যবহৃত ও আলোচিত সামাজিক যোগাযোগ মাধ্যম হচ্ছে ফেসবুক। বাংলাদেশ বেতারের বিভিন্ন কেন্দ্র ও ইউনিট ফেসবুক পেজের মাধ্যমে বিভিন্ন অনুষ্ঠান নিয়ে সরাসরি শ্রোতার কাছে পৌছাতে পারে। বাংলাদেশ বেতারের শ্রোতারাও প্রচারিত অনুষ্ঠান সম্পর্কে তাদের মহামত তাৎক্ষণিক জানাতে পারে। বিগত অর্থবছরে অনুষ্ঠান শাখায় ফেসবুক লাইক ও কমেন্টেসের সংখ্যা ছিলো যথাক্রমে ১৩,২২,১১০টি ও ৩,৮২,৫৭৬টি। ২০২১-২০২২ অর্থবছরে বাংলাদেশ বেতারের অনুষ্ঠান শাখার প্রাপ্ত মোট ফেসবুক ভিউয়ার ১,২০,৬৯,৭৪৬টি এবং বার্তা শাখার ফেসবুক ভিউয়ার ৩৮,৬৪,৬২৪টি। ফেসবুক লাইক ৭,৬০,৭৫২টি (অনুষ্ঠান শাখা) এবং ৬,৬২,৬৫২ টি(বার্তা শাখা) এছাড়াও শ্রোতারা তাদের মতামত জানাতে কমেন্টস করেছে যার সংখ্যা ৭,৪৬,৫৭৪টি (অনুষ্ঠান শাখা) এবং ২,৬০,৩৯৮টি (বার্তা শাখা)। এক্ষেত্রে, ফেসবুক লাইকের পরিমাণ হ্রাস পেলেও শ্রোতাদের কমেন্টের হার ৯৫.১৪% হরে বৃদ্ধি পেয়েছে। তন্মধ্যে বাংলাদেশ বেতার, খুলনা কেন্দ্রে শ্রোতাদের ফেসবুক ব্যবহার উল্লেখযোগ্য।



গ্রাফ-৯: বিভিন্ন কেন্দ্রের জনপ্রিয় অনুষ্ঠানে শ্রোতাদের ফেসবুকে অংশগ্রহণের বিবরণ



গ্রাফ-১০: বিভিন্ন ইউনিটের জনপ্রিয় অনুষ্ঠানে শ্রোতাদের ফেসবুকে অংশগ্রহণের বিবরণ



গ্রাফ-১১: বিভিন্ন কেন্দ্রের সংবাদে শ্রোতাদের ফেসবুকে অংশগ্রহণের বিবরণ

ইউটিউব: বর্তমানে ইউটিউব অত্যন্ত জনপ্রিয় ভিডিও শেয়ারিং প্লাটফর্ম। বাংলাদেশ বেতারের কিছু কিছু কেন্দ্র যেমন, কুমিল্লা, রাঙামাটি, বরিশাল, রংপুর এবং জনসংখ্যা স্বাস্থ্য ও পুষ্টি সেল ইউটিউবের মাধ্যমে অনুষ্ঠান প্রচার করে থাকে। ২০২১-২০২২ অর্থবছরে তাদের মোট ভিউ সংখ্যা ৬,২০,৬১১ এবং কেন্দ্রীয় বার্তা সংস্থা সহ বিভিন্ন আঞ্চলিক বার্তা সংস্থা যেমন, ঠাকুরগাঁও, কক্সবাজার ও রাঙামাটি ইউটিউবে তাদের কার্যক্রম সম্প্রচার করে এবং তাদের মোট ভিউ সংখ্যা ৯,৮৫৯ টি।

শ্রোতারাই বাংলাদেশ বেতারের প্রাণ। বাংলাদেশ বেতার শ্রোতাবৃন্দ চিঠি, এস এম এসের পাশাপাশি ফেসবুক ও ইউটিউবের মাধ্যমে তাদের অভিব্যক্তি জানাতে পারছে। রিপোর্টি সার্বিক বিশ্লেষণ করলে দেখা যায় বাংলাদেশ বেতারে শ্রোতাদের পাঠানো চিঠির সংখ্যা কমে এলেও ফেসবুকসহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে শ্রোতাদের সাথে বেতারের যোগাযোগের মাত্রা উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। তথ্য প্রযুক্তির উন্নয়নের সাথে সাথে শ্রোতারা ডিজিটাল পদ্ধতিতে বাংলাদেশ বেতারে প্রচারিত অনুষ্ঠান সম্পর্কে তাদের মতামত/পরামর্শ/প্রতিক্রিয়া জানাতে পারছে। ২০২১-২০২২ অর্থবছরের ফিডব্যাক অ্যাসেসমেন্ট পর্যালোচনা করে দেখা যায়, বাংলাদেশ বেতারে প্রচারিত অনুষ্ঠানে শ্রোতাদের আগ্রহ বাড়ছে।

২৪/০৯/২২
নুসরাত জাবিন
উপ-আঞ্চলিক প্রকৌশলী
লিয়াজোঁ ও শ্রোতা গবেষণা অনুবিভাগ
বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।

২৪/৯/২২
মোঃ আরিফুল ইসলাম
পরিচালক (লিয়াজোঁ)
বাংলাদেশ বেতার
সদর দপ্তর, ঢাকা।